

## **া** সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৬৫

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ১৫. দাদার (মীরাস) সম্পর্কে ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু এর বক্তব্য

باب قَوْلِ ابْنِ مَسْعُودٍ فِي الْجَدِّ

## আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّتَنَا رُهَيْرٌ عَنْ أَبِي إِسْحَقَ قَالَ دَخَلْتُ عَلَى شُرَيْحٍ وَعِنْدَهُ عَامِرٌ وَإِبْرَاهِيمُ وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ اللَّهِ فِي فَرِيضَةِ امْرَأَةٍ مِنَّا الْعَالِيَةِ تَرَكَتْ زَوْجَهَا وَأُمَّهَا وَإُبْرَاهِيمُ وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ اللَّهِ فِي فَرِيضَةِ امْرَأَةٍ مِنَّا الْعَالِيَةِ تَرَكَتْ زَوْجَهَا وَأُمَّهَا وَأَخَاهَا لِأَبْيِهَا وَجَدَّهَا فَقَالَ لِي هَلْ مِنْ أُخْتِ قُلْتُ لَا قَالَ هَلْ مِنْ أُخْتِ قُلْتُ لَا قَالَ اللَّبَعْلِ وَأَخَاهَا لِأَبْعِلْ وَلِلْأُمِّ التُّلُثُ قَالَ إِيهَ فَكَى أَنْ يُجِيبَنِي فَلَمْ يُجِبْنِي إِلَّا بِذَلِكَ فَقَالَ إِبْرَاهِيمُ وَعَامِرٌ وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ اللَّهِ مَا جَاءَ أَحَدٌ بِفَرِيضَةٍ أَعْضَلَ مِنْ فَرِيضَةٍ جِئْتَ بِهَا وَعَامِرٌ وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ اللَّهِ مَا جَاءَ أَحَدٌ بِفَرِيضَةٍ أَعْضَلَ مِنْ فَرِيضَةٍ مِنْ عَبِيدَةَ قِلَا وَلَا مَلْ عَبِيدَةَ السَّلْمَانِيَّ وَكَانَ يُقَالُ لَيْسَ بِالْكُوفَةِ أَحْدٌ أَعْلَمَ بِفَرِيضَةٍ مِنْ عَبِيدَةَ فِيهَا وَالْحَارِثِ الْأُعُورِ وَكَانَ عَبِيدَةُ يَجْلِسُ فِي الْمَسْجِدِ فَإِذَا وَرَدَتْ عَلَى شُرَيْحٍ فَرِيضَةٌ فِيهَا وَالْحَرِثِ الْأُعُورِ وَكَانَ عَبِيدَةً يَجْلِسُ فِي الْمَسْجِدِ فَإِذَا وَرَدَتْ عَلَى شُرَيْحٍ فَرِيضَةٌ فِيهَا وَالْحَرِثِ الْأُعُورِ وَكَانَ عَبِيدَةً فَقَالَ إِنْ شِئْتُمْ نَبَأْتُكُمْ بِفَرِيضَةٍ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ فِي هَذَا جَعَلَ لِلزَّوْجِ ثَلَاثَةَ أَسُهُمُ النِصْفَ وَلِلْأُمِ لِشُعُودٍ مَهُمْ وَلِلْمَدِ سَهُمٌ وَلِلْجَدِ سَهُمٌ وَلِلْمَدِ سَهُمٌ وَلِلْقَحِ سَهُمٌ وَلِلْمَدِ سَهُمٌ وَلِلْمَدِ سَهُمٌ وَلِلْمَدِ سَهُمٌ وَلِلْمَ خَلِي السَّهُ مَا اللَّهُ إِلْ الْمَالِ وَلَاكُو عَلَى الْمَالِ الْمَدَّ وَلِلْمُ عَلَى اللَّهُ إِلَى الْمَالِ وَلَا الْمَدِ الْمَالِ مَنْ وَلِلْمَةٍ مِنْ وَلِلْمَ الْمَالِ وَلَا لَوْءَ مَنْ مَلْهُ وَلِ الْمَلْ الْمَالِ الْمَدَدُ الْمَالِ الْمَالِ الْمَلْ الْمَلْمَ الْمَالِ الْمَالِ الْمَالِ الْمَالِ الْمَالِ الْمَالِ الْمَلْكَانِ الْمَالِ الْمَالِ الْمَالِ الْمَالِ الْمَالِ الْمُنْ الْمَالِ الْمَالِ الْمَالِ الْمِلْمِ الْمَالِ الْمَالِ الْمَالِ الْمَالِ الْمَالَ الْمَالِ ا

## বাংলা

২৯৬৫. আবী ইসহাক থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আমাদের এক সম্রান্ত মহিলার মীরাছ সম্পর্কে (জিজ্ঞাসা করার জন্য) শুরাইহ'র নিকট প্রবেশ করলাম, যে তার স্বামী, মা, এক বৈমাত্রেয় ভাই ও তার দাদা রেখে মৃত্যু বরণ করেছেন। তখন তার নিকট আমীর, ইবরাহীম ও আব্দুর রহমান ইবনু আব্দুল্লাহ বসে ছিলেন। তিনি আমাকে বললেন, তার কোন বোন আছে কি? আমি বললাম, না। তিনি বললেন, স্বামী পাবে অর্ধেক এবং মাতা পাবে এক তৃতীয়াংশ।

তখন আমি বারবার চেষ্টা করলাম যাতে তিনি আমাকে (অন্য কোনো) জবাব দেন। কিন্তু তিনি এছাড়া অন্য কোনো জবাবই দিলেন না (বারবার একই জবাব দিলেন)।



আমীর, ইবরাহীম ও আব্দুর রহমান ইবনু আব্দুল্লাহ বললেন: আপনি ফারাইয বিষয়ে যে মাস'আলাটি নিয়ে এসেছেন, এর চেয়ে কোনো কঠিন মাস'আলা আর কেউ কখনো নিয়ে আসেনি।

এরপর আমি উবাইদাহ আস সালমানী'র নিকট এলাম। আর তার সম্পর্কে বলা হতো যে, 'কুফায় উবাইদাহ ও হারিস আল আওয়ার এর চেয়ে ফারাইয বিষয়ে অধিক জ্ঞানী আর কেউ নাই।' আর উবাইদাহ তখন মসজিদে বসে ছিলেন। আর শুরাইহ'র নিকট ফারাইয়ের এমন কোনো মাস'আলা আসতো, যাতে দাদা' (অংশ) বিদ্যমান থাকতো, তিনি তা উবাইদাহ'র নিকট পাঠিয়ে দিতেন, আর তিনি অংশ ভাগ করে দিতেন। (রাবী বলেন), আমি তাকে জিজ্ঞেস করলে তিনি বললেন, যদি তোমরা চাও তবে আমি তোমাদেরকে এ ব্যাপারে আব্দুল্লাহ ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু এর ফায়সালা জানিয়ে দিতে পারি (তা হলো): তিনি স্বামীর জন্য অর্ধাংশ তথা তিন ভাগ নির্ধারণ করতেন, বাকী সম্পদের এক তৃতীয়াংশ দিতেন যা মুল সম্পদের এক ষষ্ঠাংশ হতো; আর ভাইয়ের এক ভাগ এবং দাদার এক ভাগ।[1] আরু ইসহাক বলেন, দাদা হলেন পিতার পিতা।

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাথরীজ: আব্দুর রাযযাক, আল মুসান্নাফ ১৯০৭১; ইবনু আবী শাইবা ১১/২৫১ নং ১১১৩৭; বুখারী, কাবীর ২/১৯ তা'লীক হিসেবে; বাইহাকী, ফারাইয ৬/২৩৯, ২৪০; সাঈদ ইবনু মানসূর নং ১৩০ জাইয়্যেদ বা উত্তম সনদে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবূ ইসহাক (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন